



নকল প্রবণতা হ্রাস পেয়েছে : শিক্ষামন্ত্রী

যুগান্তর রিপোর্ট

শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক বলেছেন, আমাদের দেশে সম্পূর্ণ নকলমুক্তভাবে পরীক্ষা গ্রহণ সম্ভব নয়। তবে এবার চলতি এসএসসি পরীক্ষায় নকলপ্রবণতা হ্রাস পেয়েছে এবং নকলের বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন, নকলে সহায়তা ও দায়িত্বে অবহেলার জন্য যে ৭২ জন শিক্ষক বহিষ্কৃত হয়েছেন, প্রচলিত আইনে নকল : পৃষ্ঠা : ১৩ কলাম : ৫

নকল : হ্রাস

(৩য় পৃষ্ঠার পর)

তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। গতকাল বৃহস্পতিবার বিকালে শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে শিক্ষামন্ত্রী একথা বলেন। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন শিক্ষা প্রতিমন্ত্রী এহছানুল হক মিলন, শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলম ও ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মোহাম্মদ জোনায়েদ।

ঢাকা বোর্ডে ভুল প্রশ্নপত্র ও সিরাজগঞ্জে বাংলা দ্বিতীয়পত্রের পরিবর্তে সংস্কৃত প্রশ্নপত্র সরবরাহ সম্পর্কে শিক্ষামন্ত্রী বলেন, ভুলের কারণ তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে। তবে এ ভুলের জন্য হিসাববিজ্ঞান পরীক্ষায় যাতে কোন পরীক্ষার্থী ক্ষতিগ্রস্ত না হয়, সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হবে। ভবিষ্যতে এ ধরনের ঘটনা প্রতিরোধে শিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আরও বেশি সতর্ক থাকবে। এক প্রশ্নের জবাবে ড. ওসমান ফারুক জানান, গতকাল পর্যন্ত এসএসসির ছয়টি পত্রের পরীক্ষায় ১৯ হাজার ৫৬৪ জন ছাত্রছাত্রী ও ৭২ জন শিক্ষক বহিষ্কৃত হয়েছে।

এহছানুল হক মিলন বলেন, পরীক্ষা চলাকালে দুর্বৃত্তদের হামলায় আহত শিক্ষক ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের বিভিন্ন হাসপাতালে চিকিৎসা দেয়া হচ্ছে। তাদের কাউকে কাউকে ক্ষতিপূরণ দেয়া হয়েছে। নকল রোধে সরকারের দীর্ঘমেয়াদি পরিকল্পনার কথা জানিয়ে তিনি বলেন, সরকার একটি কেন্দ্রীয় শিক্ষক নিয়োগ কমিশন প্রতিষ্ঠা এবং ওই কমিশনের মাধ্যমে নিয়োগ পাওয়া শিক্ষকদের জন্য প্রশিক্ষণ ব্যবস্থা উন্নত করার চিন্তাভাবনা করছে। তিনি বলেন, বেসরকারি শিক্ষকদের অবসর ভাতা (প্রায় সাড়ে ৪ লাখ) প্রদানের প্রধানমন্ত্রীর যুগান্তকারী ঘোষণায় শিক্ষাঙ্গনে ইতিবাচক প্রভাব পড়েছে।

এ বছর পরীক্ষায় নকলপ্রবণতা আগের চেয়ে কমে আসার ক্ষেত্রে সহযোগিতা করার জন্য শিক্ষামন্ত্রী ও প্রতিমন্ত্রী সর্বস্তরের জনগণ, সুশীল সমাজ, বিশেষ করে অভিভাবকদের প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন। তারা বলেন, তারা নকলের বিরুদ্ধে জনমত গড়ার চেষ্টা করেছেন এবং তারা তাতে সফল হয়েছেন।